

E-Paper

আনন্দবাজার.com


Log in

প্রথম পাতা কলকাতা পশ্চিমবঙ্গ দেশ বিদেশ সম্পাদকের পাতা আরও

labazar / Employment / Jadavpur University will recruit for the post of Project Assistant in English department c

দৃষ্টিহীনদের বিশেষ প্রকল্পে কাজের সুযোগ যাদবপুর বিশ্ববিদ্যালয়ে, উদ্যোগে ইংরেজি বিভাগ

প্রকল্পটি গ্লোবাল যাদবপুর বিশ্ববিদ্যালয় অ্যালুমনি ফাউন্ডেশন'-র
অর্থানুকূলে চালাত। প্রতি মাসে সাম্মানিক ১৮ হাজার টাকা করে
দেওয়া হবে।



যাদবপুর বিশ্ববিদ্যালয়। ছবি: সংগৃহীত।

আনন্দবাজার অনলাইন সংবাদদাতা

Share



Save

শেষ আপডেট: ০৩ মার্চ ২০২৫
১৫:০০

বিশেষ ভাবে সক্ষমদের জন্য বা দৃষ্টিহীন মানুষদের বিশেষ প্রকল্পে কাজের সুযোগ দিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়। সম্প্রতি প্রতিষ্ঠানের ওয়েবসাইটে এই সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে।

Advertisement



প্রজেক্ট অ্যাসিস্ট্যান্ট নেওয়া হবে। ইংরেজি বিভাগের তরফে প্রকাশিত হয়েছে বিজ্ঞপ্তিটি। প্রকল্পটির নাম ‘ক্রিপ লিট কার্ডস’। ইংরেজি বিভাগের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ইশান চক্রবর্তী বলেন, “বিশেষ ভাবে সক্ষম বা দৃষ্টিহীন মানুষদের কথা কখনও ভাবা হয় না সে অর্থে। আমাদের ‘তাসের খেলার’ প্রকল্পের মাধ্যমে সমাজের সব ধরনের মানুষের কথাই তুলে ধরা হয়েছে। তিনি আরও জানিয়েছেন, সাধারণ মানুষদের জন্য তো বটেই এ ছাড়াও ব্রেইল আকারেও তাসের খেলা রাখা হবে। যাতে দৃষ্টিহীন ব্যক্তিরও অংশ নিতে

পারেন। প্রকল্পটি গ্লোবাল যাদবপুর বিশ্ববিদ্যালয় অ্যালুমনি ফাউন্ডেশন’-র অর্থানুকূলে চালাত। প্রতি মাসে ১৮ হাজার টাকা করে সাম্মানিক দেওয়া হবে। আবেদনের জন্য কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে যে কোনও বিষয়ে স্নাতক উত্তীর্ণ হওয়া চাই। পাশাপাশি, কম্পিউটারের কাজে দক্ষতা থাকতে হবে। ইংরেজি ভাষায় পটু হতে হবে।

আরও পড়ুন:



ওয়াক ইন
ইন্টারভিউয়ের মাধ্যমে
কর্মী নিয়োগ কলকা...



ওয়েস্ট বেঙ্গল
ফিন্যান্সিয়াল
কর্পোরেশনে কর্মখা...



দক্ষিণ দিনাজপুর
জেলার সরকারি স্কুলে
শিক্ষকতার সুযোগ,...

২৫ মার্চ বেলা ১টা থেকে ইন্টারভিউ শুরু হবে। ওই দিন আবেদনপত্র এবং প্রয়োজনীয় নথি সঙ্গে নিয়ে বিজ্ঞপ্তিতে দেওয়া ঠিকানায় প্রার্থীদের পৌঁছে যেতে হবে। কী নথি লাগবে, তা জানতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ‘হোমপেজ’-এ সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটি দেখে নিন। আবেদনপত্রের মূল্য ধার্য করা হয়েছে ৫০ টাকা। এই সংক্রান্ত সবিস্তার তথ্য

7/4/25, 3:24 PM

JU Recruitment 2025 | Jadavpur University will recruit for the post of Project Assistant in English department dgtl - Anandabazar

এবং শর্তাবলি জানতে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের

ওয়েবসাইটটি দেখতে পারেন।
